

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩১৪৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৩৬]

১৬। হজ্জ (حما باكذ)

পরিচ্ছেদঃ ৭২. নাবালকের হজ্জ করা জায়িয এবং যে ব্যক্তি তাকে হজ্জ করতে সহায়তা করে, সে সাওয়াবের অধিকারী হবে

باب صِحَّةِ حَجِّ الصَّبِيِّ وَأَجْرِ مَنْ حَجَّ بِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَزُهَيْرُ بْنُ حَرْب، وَابْنُ أَبِي عُمَرَ، جَمِيعًا عَنِ ابْنِ، عُيَيْنَةَ _ قَالَ أَبُو بَكْرٍ حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، _ عَنْ إِبْرَاهِيمَ بْنِ عُقْبَةَ، عَنْ كُرَيْب، مَوْلَى ابْنِ عَبَّاسٍ عَنِ ابْنِ عَبَّاسٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم لَقِيَ رَكْبًا بِالرَّوْحَاءِ فَقَالَ " مَنِ الْقَوْمُ " . قَالُوا الْمُسْلِمُونَ . فَقَالُوا مَنْ أَنْتَ قَالَ " رَسُولُ اللَّهِ " . فَرَفَعَتْ إِلَيْهِ امْرَأَةً صَبَيًّا فَقَالَتْ أَلِهَذَا حَجُّ قَالَ " نَعَمْ وَلَكِ أَجْرٌ " .

বাংলা

৩১৪৪-(৪০৯/১৩৩৬) আবৃ বকর ইবনু আবৃ শায়বাহ, যুহায়র ইবনু হারব ও ইবনু আবৃ উমার (রহঃ) ইবনু আব্বাস (রাযিঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম রাওহা নামক স্থানে একদল আরোহীর সাক্ষাৎ পেলেন এবং তিনি বললেন, তোমরা কোন সম্প্রদায়ের লোক? তারা বলল, আমরা মুসলিম। তারা আরও জিজ্ঞেস করল, আপনি কে? তিনি বললেন, আল্লাহর রসূল। এরপর এক মহিলা তার সামনে একটি শিশুকে তুলে ধরে জিজ্ঞেস করল, এর জন্য হাজ্জ আছে কি? তিনি বললেন, হ্যাঁ এবং তোমার জন্য সাওয়াব রয়েছে।* (ইসলামিক ফাউন্ডেশন ৩১১৯, ইসলামীক সেন্টার ৩১১৬)

English

Ibn Abbas reported that Allah's Apostle (ﷺ) met some riders at al-Rauha and asked who they were. They replied that they were Muslims. They said: Who art thou? He said: (I am) Messengef of Allah. A woman (then) lifted up a boy to him and said: Would this child be credited with having performed the Hajj? Thereupon he said: Yes, and you will have a reward.



ফুটনোট

* এ হাদীস হতে কয়েকটি মাসআলাহ অবগত হওয়া যায়- (১) আমাদের জন্য মুসলিম উপাধি আখ্যা দেয়াই আসল, সহীহ এবং সুন্নাতী তরিকা, এটা ব্যতীত যেসব উপাধি প্রচলিত আছে যেমন হানাফী, শাফিঈ, হাম্বালী, মালিকী, চিশতী, নকশাবন্দী, কাদিরী ইত্যাদি নিখাত বিদ'আত এবং নবাবিস্কৃত বিষয়। অতএব মুমিন বান্দার নবাবিস্কৃত উপাধি পরিহার করে সুন্নাতী উপাধি ধারণ করা কর্তব্য। (২) ছোট্ট বালকের হাজ্জ (হজ্জ/হজ) পালন সহীহ ও শারীআত সম্মত এতে সাওয়াবের অধিকারী হবে। ইমাম শাফিঈ, আহমাদ, মালিক (রহঃ) এবং অধিকাংশ উলামার অভিমত এটাই, তবে এ হাজটি নাফল হিসেবে গণ্য হবে। এ হাদীসটি তাদের দলীল। অন্যদিকে ইমাম আবৃ হানিফা (রহঃ) এর মত এর ব্যতিক্রম। তার মতে ছোট বাচ্চার হাজ্জ (হজ্জ/হজ) সহীহ নয়- এ মতটি হাদীসের বিপরীত হওয়ার কারণে বাতিল, প্রত্যাখ্যাত ও পরিত্যাজ্য। শুধু তার কথা কেন যার কথাই বা মত হাদীসের বিপরীত হবে তা বাতিল বলে গণ্য হয়। কাষী আয়ায বলেছেন যে, একদল বিদ'আতী ব্যতীত বালকের হাজ্জ জায়িয হওয়ার বিষয়ে কারও মতবিরোধ নেই, ছোট্ট শিশুর ইবাদাতের সাওয়াব তার পিতা-মাতার উপর বর্তাবে। এজন্য সে যদি হাজ্জ করে, অতঃপর বালেগ হওয়ায় হাজ্জ করার সামর্থ্য লাভ করে তবে তার উপর আবার হাজ্জ (হজ্জ/হজ) করা ফারয (ফরয)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন